দৈনিক ইত্তেফাক

তারিখ 12 OCT 1988
পৃষ্ঠা 2 কলাম 7

ফলাফল প্রকাশ প্রসঙ্গে

আমরা ঢাকার শারীরিক শিক্ষা কলেজে ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। আমরা ১৯৮৮ সনের মার্চ-এপ্রিল মাসে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষায় অংশ গ্রহণ করিয়াছি। দীর্ঘ ৬ (ছয়) মাস অতিবাহিত হওয়ার পরও আজ অবধি ফলাফল প্রকাশ হইতেছে না। প্রশিক্ষণ কলেজসমূহের ফলাফল প্রকাশ বিলম্বিত হওয়ার কারণটা আমাদের পক্ষে বুঝিয়া ওঠা কঠিন।

—এম, এস, আলম, ১৪/১৪, গলিমুল্লাহ রোড, মোহাম্মদপুর, ঢাকা।

পাসের ক্ষেত্রে বৈষম্য কেন?

পরীক্ষার ফলাফল প্রকাশে প্রকাশ্যে চলিতেছে বৈষম্য। একই নম্বর পাইয়া কোথাও ছাত্ররা তৃতীয় বিভাগ এবং কোথাও দ্বিতীয় বিভাগ লাভ করিতেছে। খোলাসা করিয়া বলিতে হয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শতকরা ৪০ ভাগ নম্বর পাইলে ২য় শ্রেণী দেওয়া হয়। অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ৪৫%ভাগ নম্বর না পাইলে দ্বিতীয় শ্রেণী দেওয়া হয় না। আমাদের জিজ্ঞাস্য, কেন এই বৈষম্য? কর্তৃপক্ষ জবাব দিবেন কি?

—মোঃ নজরুল ইসলাম চৌধুরী, ধাপ, মাষ্টারপাড়া, রংপুর।